

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৯৮

২৪/ পানীয় ও পানপাত (کتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২৪/১২, নাবীয বানানো এবং তা পান করা

بَاب صِفَةِ النَّبِيذِ وَشُرْبِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِب، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ، قَالاَ حَدَّثَنَا عَاصِمُ الأَحْوَلُ، حَدَّثَنَا بَنَانَةُ بِنْتُ الشَّوَارِب، حَدَّثَنَا عَبْشُمِيَّةُ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كُنَّا نَنْبِذُ لِرَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فِي يزيدَ الْعَبْشُمِيَّةُ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كُنَّا نَنْبِذُ لِرَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فِي سِقَاءٍ فَنَأْخُذُ قَبْضَةً مِنْ تَمْرٍ أَوْ قَبْضَةً مِنْ زَبِيبٍ فَنَطْرَحُهَا فِيهِ ثُمَّ نَصَبُ عَلَيْهِ الْمَاءَ فَنَشْرَبُهُ غُدُوةً فَيَشْرَبُهُ عَشِيَّةً وَنَنْبِذُهُ عَشِيَّةً فَيَشْرَبُهُ غُدُوةً . وَقَالَ أَبُو مُعَاوِيَةَ نَهَارًا فَيَشْرَبُهُ لَيُلاً أَوْ لَيْلاً فَي لَيْرَبُهُ نَهَارًا .

বাংলা

১/৩৩৯৮। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য একটি পাত্রে নবীয বানাতাম। আমরা এক মুঠো খেজুর অথবা এক মুঠো আংগুর তুলে নিয়ে পাত্রের মধ্যে ছেড়ে দিতাম, অতঃপর তাতে পানি ঢেলে দিতাম। আমরা সকালবেলা তা ভিজাতাম এবং তিনি সন্ধ্যাবেলা তা পান করতেন। আবার কখনও আমরা সন্ধ্যাবেলা তা ভিজাতাম এবং তিনি সকালবেলা তা পান করতেন। আবূ মুআবিয়া (রাঃ) তার বর্ণনায় বলেন, দিনে ভিজাতেন এবং তিনি রাতের বেলা তা পান করতেন অথবা রাতের বেলা ভিজাতেন এবং তিনি দিনের বেলা তা পান করতেন।

English

It was narrated that 'Aishah said:

"We used to make Nabidh for the Messenger of Allah (ﷺ) in a water skin. We would take a handful of dates or a handful of raisins, and put them in it, then pour water over it. We would make that in the morning and he would rink it in the evening, or we would make it in the evening and he would drink



it in the morning."

ফুটনোট

মুসলিম ২০০৫, তিরমিয়ী ১৮৭১, আবূ দাউদ ৩৭১১।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী বুনানাহ বিনতু ইয়াযীদ আল-আবশামিয়্যাহ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায়নি। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৭৯৮, ৩৫/১৩৮ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহিহ কিন্তু বুনানাহ বিনতু ইয়াযীদ আল-আবশামিয়্যাহ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২৪০ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ২৩ টি খুবই দুর্বল, ৬২ টি দুর্বল, ৭৭ টি হাসান, ৭৭ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৫১৭৬, ৫১৮২, ৫১৮৩, ৫১৯১, ৫৫৯৭, ৬৬৮৫, মুসলিম ৯৭৭, ২০০৪, ২০০৫, ২০০৬, ২০০৬, ২০০৬, ২০০৯, তিরমিযি ১৮৭১, আবু দাউদ ৩৭০২, ৩৭০৭, ৩৭০৮, ৩৭১১, ৩৭১২, ৩৭১৩, দারিমী ২১০৭, আহমাদ ১৯৬৪, ২০৬৯, ২১৪৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন